

ইসলামী বিশ্ববিদ্যালয়

বিতর্কিত সিলেবাস স্থগিত
করা হয়েছে

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ৫ই নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।- ইসলামী বিশ্ববিদ্যালয়ে ১৯৯৩-৯৪ সেশনের জন্য প্রণীত দু'শ' নম্বরের সিলেবাস আপাতত স্থগিত করে। দীর্ঘ সাতার দিন বন্ধ রাখার পর বিশ্ববিদ্যালয় খুলে দেয়া হয়েছে। ২৭শে অক্টোবর ভিসি, প্রক্টর, আবাসিক শিক্ষক, ছাত্র উপদেষ্টা ও বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের সাথে আলোচনার প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কোর্স নামে ২শ' নম্বরের বিতর্কিত সিলেবাস স্থগিত করা হয়েছে। ছাত্র নেতৃবৃন্দের সাথে আলাপ-আলোচনার মাধ্যমে দু'শ' নম্বরের জন্য নতুন একটা সিলেবাস প্রণয়নের প্রাথমিক সিদ্ধান্ত হয়েছে, যা অনার্স হিসেবে অন্তর্ভুক্ত হবে না। কিন্তু সকল ছাত্রছাত্রীকে পড়তে হবে। নতুন সিলেবাসে পঞ্চাশ নম্বর কম্পিউটার এবং পঞ্চাশ নম্বর বাংলাদেশ স্টাডিজ মাদ্রাসা ও কলেজ হতে আগত সকল ছাত্রছাত্রীকে পড়তে হবে। কলেজ হতে

আসা ছাত্রছাত্রীকে একশ' নম্বরের ইসলামী স্টাডিজ এবং মাদ্রাসা হতে আসা ছাত্রছাত্রীকে একশ' নম্বরের ইংরেজি পড়ার বিধান রাখা হয়েছে। হিন্দু ছাত্রছাত্রীদের ইসলামী স্টাডিজের পরিবর্তে একশ' নম্বরের তুলনামূলক ধর্মতত্ত্ব পড়তে হবে। এই কোর্স সাবসিডিয়ারি হিসেবে পড়তে হবে।

অনার্সের সাথে সম্পর্কিত না করে এই দু'শ' নম্বর পড়ার জন্য আলাদা সনদপত্র প্রদানের ব্যবস্থা রাখা হচ্ছে। সকল বিভাগের সনদপত্রকে ইসলামী মোড়ক হতে রক্ষার জন্যই এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। ২৮শে অক্টোবর তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের সভায় নতুন সিলেবাসের কাঠামো দাঁড় করানো হয়। তবে চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। একাডেমিক কাউন্সিল সকল ছাত্র সংগঠনের সাথে আলাপ-আলোচনার পর পরবর্তী সভায় চূড়ান্ত সিদ্ধান্ত নেবে বলে জানা গেছে।